


তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা
ফ্যাক্স : ৯১১০৬৩৮।

নৈতিকতা বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি	: জে. আর. শাহরিয়ার, পরিচালক (প্রশাসন, অর্থ ও আইটি)
সভার তারিখ	: ২০ জুন ২০২১
সভার সময়	: সকাল ১১.০০ ঘটিকা
স্থান	: পরিচালক (প্রশাসন, অর্থ ও আইটি) এর অফিস কক্ষ
উপস্থিতি	: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। সভায় করোনাকালীন সামাজিক দূরত্ব বজায় রেখে কিভাবে জনগণকে সেবা প্রদান করা যায় সে বিষয়ে আলোচনা সহ সভায় বিস্তারিত আনোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

- সিদ্ধান্ত-১: সরকার ও স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা মেনে অফিস কার্যক্রম পরিচালনা করতে হবে।
সিদ্ধান্ত-২: কোভিড-১৯ বিস্তার রোধে সকলে ম্যাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করবেন।
সিদ্ধান্ত-৩: কোভিড-১৯ বিস্তার রোধে অফিসে কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে পর্যাপ্ত পরিমাণ মাস্ক, পরিচ্ছন্নকরণ সামগ্রী (হারপিক/ব্লিচিং পাউডার/স্প্রে মেসিন ইত্যাদি) ক্রয় করতে হবে।
সিদ্ধান্ত-৪: স্বাস্থ্যবিধি মেনে জনগণের সরাসরি উপস্থিতি পরিহারকরণ ও টাইম কস্ট ও ভিজিট (টিভিসি) হাসকরণের জন্য চলমান অনলাইন হিয়ারিং চালু রাখতে হবে।
সিদ্ধান্ত-৫: শুদ্ধাচার সংক্রান্ত ডকুমেন্ট ওয়েবসাইটে আপলোড কার্যক্রম চলমান রাখতে হবে।
সিদ্ধান্ত-৬: শুদ্ধাচার, ইনোভেশন, এসডিজি, এসপিএস ইত্যাদি বিষয়ক আবশ্যিক রিপোর্ট রিটান যথাসময়ে প্রেরণ করতে হবে।
সিদ্ধান্ত-৭: শুদ্ধাচার, ইনোভেশন, এসডিজি, এসপিএস ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণ চলমান রাখতে হবে।
সিদ্ধান্ত-৮: জাতীয় শুদ্ধাচার নীতিমালা অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে।
সিদ্ধান্ত-৯: তথ্য কমিশনের সকল গ্রেডের কর্মচারীগণের ৬ দিন ব্যাপি অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রাখতে হবে।
সিদ্ধান্ত-১০: শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন, অনুমোদন, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ ও তথ্য কমিশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে।
অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।


(জে. আর. শাহরিয়ার)
পরিচালক (প্রশাসন, অর্থ ও আইটি)
তথ্য কমিশন

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০৩.০৪.০০২.১৩.৯৭

তারিখ: ২০ জুন ২০২১